দৈনিক সংবাদ

তারিখ ... 12-AUG 1988 ...
পৃষ্ঠা ... কলাম ...

004

# রাষ্ট্রপতির কাছে ইসলামী শিক্ষা কমিটির সুপারিশ পেশ

ইসলামী শিক্ষা কমিটির আহ্বায়ক সৈয়দ আলী আহসান গতকাল বৃহস্পতিবার রাষ্ট্রপতি এইচ,এম এরশাদের কাছে কমিটির সুপারিশমালা পেশ করেন। খবর বাসস'র।

সকল মুসলিম দেশে শিক্ষার আদর্শগত ও উন্নয়ন সংক্রান্ত দিকের একক ভিত্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৭৭ এবং ১৯৮২ সালে অনুষ্ঠিত ৪টি মুসলিম শিক্ষা সম্মেলনে গৃহীত প্রস্তাবসমূহ পরীক্ষা নিরীক্ষার জন্য রাষ্ট্রপতি এই

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## সুপারিশ পেশ

(১ম পাতার পর)

কমিটি গঠন করেন। কমিটি বেশ কয়েকটি সুপারিশ তৈরী করেছে।

কমিটি তার সুপারিশে উল্লেখ করেছে যে, একটি মুসলিম দেশ হিসেবে এই দেশের শিক্ষা ব্যবস্থায় ইসলামী মূল্যবোধ, ঐতিহ্য এবং সংস্কৃতির প্রতিফলন ঘটা উচিত।

কমিটির অন্যান্য সদস্য হচ্ছেন, ডঃ আবদুল বারী, ডঃ সৈয়দ আলী আশরাফ, ডঃ শমসের আলী, ডঃ সিরাজুল হক এবং সৈয়দ আলী নকী।